সরকারি চাকরি, কোর্স ও পেশার খবর পেতে দেখুন
www.kaajcareer.in
লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer
Subscribe Youtube
https://bit.ly/30JCpt7

কাজকেরিয়ার

www.kaajcareer.in • www.fb.com/kaajcareer • মূল্য : ৫.০০ টাকা মাত্র • RNI No. WBBEN/2006/18125

যাবতীয় খবরের লেটেস্ট আপডেট পেতে দেখুন
www.amarbangla.co
আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/amarbangla
Subscribe Youtube
https://bit.ly/3eBS8Tt

বর্ষ ১৬ • সংখ্যা ৩ • ১২ জানুয়ারি - ১৮ জানুয়ারি, ২০২২ | পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত | ২৭ পৌষ - ৪ মাঘ, ১৪২৮ • বুধবার-মঙ্গলবার

সার্টিফিকেট ও ডিপ্লোম কোর্সে ১৬৮টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে

রাজ্যে ১০,৭৯৭ জনকে নার্সিংয়ের ট্রেনিং দিচ্ছে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গের ১৬৮টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এএনএম)-এর সার্টিফিকেট এবং জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জিএনএম)-এর ডিপ্লোমা কোর্সে ১০,৭৯৭ জনকে ভর্তির জন্য দরখাস্ত নিচ্ছে। এরমধ্যে থেকে ২৩টি প্রতিষ্ঠানে এএনএম কোর্স পড়ানো হবে এবং বাকি ১৪৫টি প্রতিষ্ঠানে পড়ানো হবে জিএনএম কোর্স। এই পরীক্ষাটি নেবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ড। বাছাই পরীক্ষা কমন এন্ট্রান্স টেস্ট হবে ১১ ও ১২ জুন। প্রার্থীকে বাংলায় লিখতে, পড়তে ও কথা বলতে জানতে হবে। তবে যাঁদের মাতৃভাষা নেপালি তাঁদের ক্ষেত্রে এই শর্তটি প্রযোজ্য নয়।

এএনএম কোর্সের ক্ষেত্রে কেবলমাত্র মহিলারা আবেদন করতে পারেন। তবে জিএনএম কোর্সের ক্ষেত্রে ৬টি প্রতিষ্ঠানে পুরুষরা আবেদন করতে পারেন। এগুলি হল— কেয়ার অ্যান্ড কিওর ইনস্টিটিউট অফ নার্সিং ফর মেল/ জেনেক্স নার্সিং ইনস্টিটিউট ফর মেল/ জিএনএম ট্রেনিং স্কুল ফর মেল, বাঘাযতীন এসজি হসপিটাল/ লক্ষ্মী নার্সিং ইনস্টিটিউট ফর মেল/ মুক্তধারা নার্সিং ইনস্টিটিউট

..... এরপর ৩ পাতায়

সিলেকশন স্ক্রিনিং টেস্ট-২২'র মাধ্যমে দেশের ১৩৬টি

আর্মি পাবলিক স্কুলে ৮,৭০০ টিচার নিচ্ছে

দেশের ১৩৬টি আর্মি পাবলিক স্কুলে বিভিন্ন বিষয়ের প্রায় ৮,৭০০ পোস্ট গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার এবং প্রাইমারি টিচার পদে নিয়োগের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা 'অনলাইন স্ক্রিনিং টেস্ট ২০২২' হবে ১৯ এবং ২০ ফেব্রুয়ারি। এই পরীক্ষায় বসার জন্য অনলাইন দরখাস্ত করতে হবে ২৮ জানুয়ারির মধ্যে। পশ্চিমবঙ্গের— কলকাতা, দুর্গাপুর ও শিলিগুড়ি, ত্রিপুরার— আগরতলা, অসমের— গুয়াহাটি, তেজপুর, জোরহাট কেন্দ্র সহ দেশের অন্যান্য রাজ্যেও একাধিক পরীক্ষা কেন্দ্র রয়েছে। এই পরীক্ষায় সফলরা দেশের প্রায় ১৩৬টি আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতা করার যোগ্যতা অর্জন করবেন। এই পরীক্ষার স্কোরকার্ড ইস্যু করার পর থেকে ৩ বছর পর্যন্ত বৈধ থাকবে। তবে এই পরীক্ষায় সফল হলেই নিয়োগ হবে এমন নয়। এই যোগ্যতা অর্জনের পর ৩ বছরের মধ্যে যদি বিভিন্ন আর্মি পাবলিক স্কুল

..... এরপর ২ পাতায়

সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ায়

সেবিতে ১২০ আইটি, লিগ্যাল, রিসার্চ অফিসার

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ১২০ জনকে নিচ্ছে সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ায়। নিয়োগ হবে জেনারেল, লিগ্যাল, রিসার্চ সহ বিভিন্ন ডিসিপ্লিনে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

জেনারেল: মোট শূন্যপদ ৮০টি (অসং ৩২, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৭, ওবিসি ২২, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৫)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে যে কোনও শাখার মাস্টার ডিগ্রিধারীরা আইন/ ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারী হলে অথবা সিএ/ সিএফএ/ সিএস/ সিডব্লিউএ ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন।

লিগ্যাল: মোট শূন্যপদ ১৬টি

..... এরপর ২ পাতায়

সঞ্জয় গান্ধি পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যালে

৪৫৪ টেকনোলজিস্ট, সিস্টার, টেকনিশিয়ান

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: সিস্টার গ্রেড-২, টেকনিশিয়ান, মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট সহ বিভিন্ন পদে ৪৫৪ জনকে নিচ্ছে সঞ্জয় গান্ধী পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে। নিয়োগ হবে গ্রুপ-বি ও গ্রুপ-সি পদে।

(বিজ্ঞপ্তি নং: I-50 /A/ Rectt/2021-22) সিস্টার গ্রেড-২: মোট শূন্যপদ ২৫২টি (অসং ১১৫, তঃজাঃ ৮০, তঃউঃজাঃ ১, ওবিসি ৪২, আর্থিকভাবে দুর্বল ১৪)। জেনারেল নার্সিং এন্ড মিডওয়াইফারির ডিপ্লোমা ও ১ বছরের অভিজ্ঞতা অথবা বিএসসি নার্সিং অথবা পোস্ট বিএসসি নার্সিং ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। মাইনে ৪৪,৯০০ - ১,৪২,৪০০ টাকা।

(বিজ্ঞপ্তি নং: I-50 /B/ Rectt/2021-22) টেকনিশিয়ান

..... এরপর ৪ পাতায়

ম্যাজাগন ডক লিমিটেডে

৮৬ ট্রেনি অ্যাপ্রেন্টিস

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ট্রেনিংয়ের জন্য ৮৬ আসনে ডিপ্লোমা এবং গ্রাজুয়েট অ্যাপ্রেন্টিস নিচ্ছে ম্যাজাগন ডক শিপবিল্ডার্স লিমিটেড (এমডিএল)। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। নীচের মতো যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। তবে যাঁরা সরকারি বা পাবলিক সেক্টর বা প্রাইভেট ইন্ডাস্ট্রিয়াল অর্গানাইজেশন থেকে ইতিমধ্যে ট্রেনিং নিয়েছেন অথবা এখন নিচ্ছেন

..... এরপর ৩ পাতায়

ব্যাঙ্ক অফ বরোদায়

৪৭ মার্কেটিং অফিসার পদে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অফিসার পদে ৪৭ জন পেশাদারকে নিচ্ছে ব্যাঙ্ক অফ বরোদায়। ব্যাঙ্ক অফ বরোদার রুরাল অ্যান্ড অ্যাগ্রি ব্যাঙ্কিং ডিপার্টমেন্টে, এএমও পদে নেওয়া হবে প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে। নিয়োগ হবে কলকাতা, পাটনা, মুম্বই, দিল্লি, চণ্ডীগড় সহ মোট ১৮টি অ্যাডমিনিস্ট্রেটিভ জোনের অধীনে থাকা বিভিন্ন রাজ্যে। কলকাতা

হিন্দুস্তান অ্যারোনটিক্সে বিভিন্ন ডিসিপ্লিনে ট্রেনিং দিয়ে

১৫০ টেকনিশিয়ান ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ১ বছরের ট্রেনিংয়ের জন্য টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেনি এবং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি হিসেবে মোট ১৫০ জনকে নিচ্ছে হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড (এইচএএল)। অ্যাপ্রেন্টিসশিফ ট্রেনিং হবে হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড, অ্যাভিয়নিক্স ডিভিশন, হায়দরাবাদে। ২০১৯, ২০২০ এবং ২০২১ সালে পাশ করা আবেদন করতে পারবেন।

গ্র্যাজুয়েট (বি.ই/ বি.টেক.) অ্যাপ্রেন্টিস ট্রেনি: আসন ৭০টি। এরমধ্যে আসন- ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় ৫০টি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় ২টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় ৮টি, সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় ২টি, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং শাখায় ৬টি এবং

দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ডের মাধ্যমে

দিল্লি সরকারে ১৬১ অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে ১৬১ জনকে নিচ্ছে দিল্লি সরকারের বিভিন্ন বিভাগে। কম্বাইন্ড পরীক্ষা, ২০২২ ফর অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল বা ইলেক্ট্রিক্যাল) পরীক্ষার মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীরা বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিস সিলেকশন বোর্ড। কাজ করতে হবে সিভিল ও ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে। ওবিসি প্রার্থীরা জেনারেল হিসেবে অসংরক্ষিত পদে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে তাঁরা কোনওরকম সংরক্ষণের সুবিধা পাবেন না।

(বিজ্ঞপ্তি নং-03/22)

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল): মোট শূন্যপদ ১৫১টি। এরমধ্যে থেকে (পোস্ট কোড-৮০৩/০১) **নর্থ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ৩৮টি

..... এরপর ৩ পাতায়

সম্পাদকীয়

বর্ষ ১৬ • সংখ্যা ৩

১২ জানুয়ারি - ১৮ জানুয়ারি, ২০২২

প্রাথমিকের টেটের ফলাফল

প্রকাশ পেল টেট-এর ফল। মোট পরীক্ষার্থীর সংখ্যা ২ লক্ষ ৪৫ হাজার ৩৪৪ জন। প্রাথমিকের টেট-এর ফলাফল প্রকাশের পর দেখা গিয়েছে, পাশ করেছেন ৯ হাজার ৮৯৬ জন। পরীক্ষা দিয়েছিল ১ লক্ষ ৮৯ হাজার ৮১৪ জন। এই পরীক্ষায় অনুপস্থিত ছিলেন ৫৫,৮১৮ জন। সবমিলিয়ে পরীক্ষা বাতিল হয় মোট ১২ জন পরীক্ষার্থীর। উল্লেখ করা যায়, গত বছর ৩১ জানুয়ারি প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণির পরীক্ষা গ্রহণ করে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ প্রাইমারি এডুকেশন। এই পরীক্ষার ঠিক ১১ মাসের মাথায় প্রকাশ পেল ফলাফল। পর্ষদের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যের মুখ্যমন্ত্রী চান নিয়মিত টেট পরীক্ষা ও নিয়োগ হোক।

এক্ষেত্রে বলা হয়েছে, টেট-এর সঙ্গে শিক্ষক নিয়োগের সম্পর্ক নেই। টেট-এ উত্তীর্ণ হলে শিক্ষকতার জন্য আবেদন করা যায়। তবে সেক্ষেত্রে নিয়োগের সিদ্ধান্ত নেবে রাজ্য সরকারই। টেট-এর ফলপ্রকাশের পর পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি মানিক ভট্টাচার্য জানিয়েছেন, আইনি জটিলতামুক্ত ও ত্রুটিমুক্ত, সর্বজনগৃহীত অতি স্বচ্ছ ফল ঘোষণার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। এক্ষেত্রে প্রথমে ড্রাফট প্রকাশ করা হয়। নেওয়া হয় বিশেষজ্ঞদের মতামতও। এরপরই চূড়ান্ত ফল তৈরির কাজে হাত দেওয়া হয়েছে। ১১ মাসের মধ্যে সেই দীর্ঘ প্রক্রিয়া সম্পন্ন করে ফল প্রকাশ হল। উল্লেখ্য, পরীক্ষা নেওয়া হয় ২০২১ সালের জানুয়ারি মাসে। আর ২০২২ নতুন বছরের জানুয়ারিতেই বের হল পরীক্ষার ফল। প্রাথমিকের টেট-এর ফল জানতে পারবেন পরীক্ষার্থীরা ১০ জানুয়ারি থেকেই।

কাজকেরিয়ার

বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রয়োজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না।

— সম্পাদক

কাজকেরিয়ার

সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর
এফেক্ট পাবলিকেশন্স,
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র
১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

দিল্লি অফিস
মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং- ৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

—সম্পাদক—
প্রবীর মুখোপাধ্যায়
প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com

দিল্লি সরকারে ১৬১

১ পাতার পর .....

(অসং ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ওবিসি ১০, আর্থিকভাবে দুর্বল ৪)। (পোস্ট কোড-৮০৩/০২) **সাউথ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ১টি (অসং)। (পোস্ট কোড-৮০৩/০৩) **ইস্ট দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ৩৯টি (অসং ১৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ১০, আর্থিকভাবে দুর্বল ৩)। ওপরে বলা পদগুলির ক্ষেত্রে— কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৯-২-২০২২ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

(পোস্ট কোড-৮০৩/০৪) **নিউদিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিলে:** শূন্যপদ ৪৩টি (অসং ১৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ১৪, আর্থিকভাবে দুর্বল ৫)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম বা উচ্চ দ্বিতীয় শ্রেণির গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা অথবা ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়ার) সেকশন 'এ' ও সেকশন 'বি' পরীক্ষায় পাশ করে থাকলে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৯-২-২০২২ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(পোস্ট কোড-৮০৩/০৬) **দিল্লি জল বোর্ডে:** শূন্যপদ ৩০টি (অসং ১২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ওবিসি ৯, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীর আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৯-২-২০২২ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-সি পদে।

(বিজ্ঞপ্তি নং-04/22) অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল): মোট শূন্যপদ ১০টি। এরমধ্যে থেকে (পোস্ট কোড-৮০৪/০১) **নর্থ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে:** শূন্যপদ ৫টি (অসং এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। (পোস্ট কোড-৮০৪/০২) **ইস্ট** শূন্যপদ ৫টি (অসং ৪, ওবিসি ১)। ওপরে বলা পদগুলির ক্ষেত্রে— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীর আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা। নিয়োগ হবে গ্রুপ-বি পদে।

সবক্ষেত্রেই বয়সের হিসেব করতে হবে ৯-২-২০২২ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিধবা/ বিবাহবিচ্ছিন্না/ আইনত পতিসঙ্গহীনা মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৩৫ (তফশিলি হলে ৪০, ওবিসি হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রার্থীবাছাই হবে দুটি টিয়ারে কম্পিউটার বেসড লিখিত পরীক্ষার মাধ্যমে। টিয়ার-ওয়ানে থাকবে দুটি সেকশন। প্রথম সেকশনে থাকবে ২০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ২০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, ২০ নম্বরের অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, ২০ নম্বরের টেস্ট অফ হিন্দি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবং ২০ নম্বরের টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ের ১০০টি প্রশ্ন। দ্বিতীয় সেকশনে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ১০০ নম্বরের ১০০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। দুটি সেকশন মিলিয়ে উত্তরের জন্য মোট সময় পাবেন ২ ঘণ্টা। এতে সফলদের টিয়ার-টুতে থাকবে দুটি পার্ট। প্রথম পার্টে থাকবে মোট ১০০ নম্বরের সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ১০০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন এবং দ্বিতীয় পার্টে থাকবে অ্যাপ্লিকেশন অফ কনসেপ্ট, প্রবলেম সলভিং ক্যাপাসিটি, কম্প্রিহেন্ড কনটেক্স ইত্যাদি বিষয়ের ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। দুটি পার্ট মিলিয়ে উত্তরের জন্য সময় পাবেন আড়াই ঘণ্টা। মাল্টিপল চয়েজ টাইপ প্রশ্নে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

আবেদন করবেন অনলাইনে https://dsssbonline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে ১০ জানুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগের নিজের যাবতীয় প্রমাণপত্র ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কালেক্ট ফেসিলিটির মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ডাউনলোড করা রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। আরও বিস্তারিত জানতে পারবেন https://dsssb.delhi.gov.in/ ওয়েবসাইটে।

সেবিতে ১২০ আইটি

১ পাতার পর .....

(অসং ১১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে আইনের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

ইনফর্মেশন টেকনোলজি: মোট শূন্যপদ ১৪টি (অসং ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইনফর্মেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্সের ব্যাচেলর ডিগ্রিধারীরা অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রিধারীরা অথবা যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা কম্পিউটার/ ইনফর্মেশন টেকনোলজির ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন।

রিসার্চ: মোট শূন্যপদ ৭টি (অসং ৪, তঃজাঃ ১, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে স্ট্যাটিস্টিক্স/ কমার্স/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স)/ ইকনোমেট্রিক্স-এর মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ: মোট শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)। হিন্দির মাস্টার ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে হিন্দি একটি বিষয় নিয়ে পরে থাকলে অথবা সংস্কৃত/ ইংলিশ/ ইকনমিক্স/ কমার্সের মাস্টার ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে হিন্দি একটি বিষয় নিয়ে পড়ে থাকলে আবেদন করতে পারেন।

বয়স হতে হবে ৩১-১২-২০২১ তারিখের হিসেবে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯২ বা তার পরে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা

@bettersolution4u

সেবিতে ১২০ আইটি

২ পাতার পর .....

১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মূল মাইনে ২৮,১৫০ - ৫৫,৬০০ টাকা।

প্রার্থীবাছাই হবে দুটি ফেজে অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথম ফেজের পরীক্ষায় থাকবে ২টি পেপার। প্রথম পেপারে সব স্ট্রিমের জন্য থাকবে— (ফিনান্সিয়াল সেক্টরের প্রশ্ন সহ) জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, টেস্ট অফ রিজনিং বিষয়ের ১০০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৬০ মিনিট। দ্বিতীয় পেপারে জেনারেল স্ট্রিমের ক্ষেত্রে থাকবে— কমার্স, অ্যাকাউন্ট্যান্সি, ম্যানেজমেন্ট, ফিনান্স, কস্টিং, কোম্পানিজ অ্যাক্ট ও ইকনমিক্স বিষয়ের ১০০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৪০ মিনিট। লিগ্যাল/ ইনফর্মেশন টেকনোলজি/ অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ স্ট্রিমের ক্ষেত্রে থাকবে— সংশ্লিষ্ট স্ট্রিমের স্পেশ্যালাইজেশন বিষয়ের এবং রিসার্চ স্ট্রিমের ক্ষেত্রে থাকবে— ইকনমিক্স, ইকনমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিনান্স ও কমার্স বিষয়ের ১০০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৪০ মিনিট। প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৪টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। প্রথম ফেজের পরীক্ষা হবে ২০ ফেব্রুয়ারি। এতে সফলদের দ্বিতীয় ফেজের পরীক্ষায় থাকবে ২টি পেপার। প্রথম পেপারে সব স্ট্রিমের ক্ষেত্রে থাকবে— ড্রাফটিং স্কিলের জন্য ইংলিশ বিষয়ের (ডেস্ক্রিপটিভ টাইপের) ১০০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৬০ মিনিট। দ্বিতীয় পেপারে থাকবে জেনারেল স্ট্রিমের ক্ষেত্রে— কমার্স, অ্যাকাউন্ট্যান্সি, ম্যানেজমেন্ট, ফিনান্স, কস্টিং, কোম্পানিজ অ্যাক্ট ও ইকনমিক্স বিষয়ের ১০০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৪০ মিনিট। লিগ্যাল/ অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ স্ট্রিমের ক্ষেত্রে থাকবে— সংশ্লিষ্ট স্ট্রিমের স্পেশ্যালাইজেশন বিষয়ের এবং রিসার্চ স্ট্রিমের ক্ষেত্রে থাকবে— ইকনমিক্স, ইকনমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিনান্স ও কমার্স বিষয়ের ১০০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৪০ মিনিট। ইনফর্মেশন টেকনোলজি স্ট্রিমের ক্ষেত্রে থাকবে— কোডিং টেস্ট (C++/ Java/ Python) বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৮০ মি

টেকনোলজির পেপার-২ ছাড়া বাকি পদের পরীক্ষা হবে ২০ মার্চ এবং ইনফর্মেশন টেকনোলজির পেপার-২ বিষয়ের পরীক্ষা হবে ৩ এপ্রিল। ইনফর্মেশন স্ট্রিম ছাড়া বাকি স্ট্রিমের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৪টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। প্রথম ফেজের পরীক্ষা হবে **পশ্চিমবঙ্গের-** কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, কল্যাণী। **ত্রিপুরার**-আগরতলা। **অসমের-** গুয়াহাটি, ডিব্রুগড়। **বিহারের-** পাটনা, মুজফফরপুর, ভাগলপুর। **ওড়িশার**-ভুবনেশ্বর, কটক, রৌরকেল্লা, ধেনকানাল। আইটি স্ট্রিম ছাড়া অন্যান্য স্ট্রিমের দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে কলকাতা/ গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, গুয়াহাটি, আগরতলা, ভুবনেশ্বর, মুজফফরপুর, রাঁচি। আইটি স্ট্রিমের ক্ষেত্রে দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে কলকাতা, শিলচর ইত্যাদি। এছাড়া দেশের অন্যান্য রাজ্যে পরীক্ষা কেন্দ্র আছে।

তফশিলি ও শারীরিক প্রতিবন্ধীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিংয়ের ব্যবস্থা আছে। এরজন্য প্রার্থীদের অনলাইন আবেদনের সময় নির্ধারিত কলম পূরণ করতে হবে। এই ট্রেনিং হতে পারে ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহ নাগাদ। ট্রেনিং সংক্রান্ত যাবতীয় তথ্য প্রার্থীদের ইমেল আইডিতে পাঠিয়ে দেওয়া হবে।

আবেদন করবেন অনলাইনে https://www.sebi.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২৪ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাম হাতের বুড়ো আঙুলে ছাপ (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও ইংরিজিতে নিজের হাতে লেখা ঘোষণাপত্র (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ঘোষণপত্রের বয়ান পাবেন ওপরে বলা ওয়েবসাইটে। প্রথমে ওপরে বলা ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ (তফশিলি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

৮৬ ট্রেনি অ্যাপ্রেন্টিস

১ পাতার পর .....

তাঁরা আবেদন করবেন না।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: আসন ৭৯টি। ডিসিপ্লিন অনুযায়ী আসন:- কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং: আসন(১টি), কম্পিউটার ইঞ্জিনিয়ারিং: আসন(২টি), সিভিল ইঞ্জিনিয়ারিং: আসন (৩টি), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: আসন (১৫টি), ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং: আসন (৫টি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: আসন (৪৩টি) ও প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং: আসন (৫টি) এবং শিপবিল্ডিং টেকনোলজি: আসন (৫টি)। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি ডিগ্রিধারী হলে আবেদন করতে পারবেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: আসন ৭টি। ডিসিপ্লিন অনুযায়ী আসন:- ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: আসন (২টি) এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: আসন (৫টি)। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারবেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা।

প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়/ ক্ষমতাপ্রাপ্ত ইনস্টিটিউশন থেকে ডিগ্রি অর্জন করে থাকতে হবে। অন্যদিকে, স্টেট কাউন্সিল বা রাজ্য সরকার প্রতিষ্ঠিত বোর্ড অফ টেকনিক্যাল এডুকেশন/ বিশ্ববিদ্যালয়/ কেন্দ্র বা রাজ্য সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে ডিপ্লোমা অর্জন করে থাকতে হবে।

২টি ক্ষেত্রেই বয়স এবং শারীরিক মানদণ্ড হতে হবে অ্যাপ্রেন্টিসশিপ রুল ১৯৯২ অনুযায়ী।

প্রার্থিবাছাই হবে মেধার ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। মেধার জন্য ৮০ শতাংশ এবং ইন্টারভিউয়ের জন্য ২০ শতাংশ নম্বর বরাদ্দ থাকবে। মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ম্যাজাগন ডকে যাবতীয় প্রমাণপত্র যাচাই ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। বাছাই হওয়া প্রার্থীদের নাম জানানো হবে তাঁদের রেজিস্টার্ড ই-মেল আইডি -তে। এই নামের তালিকা পাবেন www.mazagon-dock.in ওয়েবসাইটেও। কোনও দরখাস্তের ফি দিতে হবে না।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসরা আবেদন করবেন Govt. NATS portal -এর মাধ্যমে, ২৫ জানুয়ারির প্রাতানাধত্বের শেষ তারিখ ৩ ফেব্রুয়ারি। বৈধ আবেদনপত্রের তালিকা প্রকাশিত হতে পারে ২৮ জানুয়ারি। ইন্টারভিউয়ের জন্য বাছাই হওয়া প্রার্থীদের তালিকা প্রকাশিত হতে পারে ৪ ফেব্রুয়ারি।

আবেদন করবেন https://mazagondock.in ওয়েবসাইটের মাধ্যমে, ২৫ জানুয়ারির মধ্যে। বিজ্ঞপ্তি নং MDLATS/3/2021. আরো বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

৮,৭০০ পিজিটি, টিজিটি

১ পাতার পর .....

তাদের প্রয়োজন অনুযায়ী পিআরটি, টিজিটি, পিজিটি নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করে তাহলে তখন আক্ষ্ম বেদন করতে পারবেন। উল্লেখ্য, প্রাইমারি এবং পিজিটি পদের জন্য আবেদনকারীরা কেন্দ্র/ রাজ্য সরকার পরিচালিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি-টেট)/ টিচার এলিজিবিলিটি টেস্ট (টেট) পাশ না হলেও অনলাইন সিলেকশন টেস্টে বসার জন্য আবেদন করতে পারবেন। তবে চুক্তিতে/ স্থায়ী শিক্ষক পদে চাকরি পাওয়ার ক্ষেত্রে সি-টেট/ টেট স্কোর থাকা বাধ্যতামূলক।

পোস্ট গ্র্যাজুয়েট টিচার (পিজিটি) নিয়োগ হবে এইসব বিষয়ে— ইংলিশ, হিন্দি, সংস্কৃত, হিস্ট্রি, জিওগ্রাফি, ইকনোমিক্স, পলিটিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বায়োটেকনোলজি, সাইকোলজি, কমার্স, কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেটিক্স, হোম সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টিজিটি) নিয়োগ হবে এইসব বিষয়ে— ইংলিশ, হিন্দি, সংস্কৃত, হিস্ট্রি, জিওগ্রাফি, ইকনোমিক্স, পলিটিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেটিক্স, ফিজিক্যাল এডুকেশন।

প্রাইমারি টিচারের ক্ষেত্রে— প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে সংশ্লিষ্ট বিষয়ের গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে ব্যাচেলর অফ এডুকেশন (বিএড)/ বিএড-এর ৪ বছরের ইন্টিগ্রেটেড কোর্স কিংবা ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডিএলএড) পাশ হতে হবে।

টিজিটি-র ক্ষেত্রে— প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে গ্র্যাজুয়েট এবং ৫০ শতাংশ নম্বর নিয়ে সংশ্লিষ্ট বিষয়ের বিএড পাশ হতে হবে। সঙ্গে ইংলিশের ক্ষেত্রে— ইংলিশ সহ বিএ বিএড ডিগ্রিধারীরা, সংস্কৃত সহ বিএ বিএড ডিগ্রিধারীরাও যোগ্য। সোশ্যাল সায়েন্সের ক্ষেত্রে— হিস্ট্রি/ জিওগ্রাফি/ ইকনোমিক্স/ পলিটিক্যাল সায়েন্স-এর যে কোনও দুটি বিষয়ের ডিগ্রিধারীরা (যারমধ্যে একটি হিস্ট্রি/ জিওগ্রাফি হতে হবে) আবেদন করতে পারেন। সোশ্যাল সায়েন্সের বিএ বিএড ডিগ্রিধারী হলেও যোগ্য। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে— ম্যাথমেটিক্সের ডিগ্রিধারীরা ফিজিক্স/ কেমিস্ট্রি/ ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সায়েন্স/ স্ট্যাটিস্টিক্স-এর যে কোনও ২টি বিষয় নিয়ে পড়ে থাকলে আবেদন করতে পারেন। ফিজিক্যাল সায়েন্স গ্রুপের বিএসসি বিএড ডিগ্রিধারীরাও যোগ্য। ফিজিক্সের ক্ষেত্রে— ফিজিক্সের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ফিজিক্যাল সায়েন্স গ্রুপের বিএসসি বিএড ডিগ্রিধারীরাও যোগ্য। কেমিস্ট্রির ক্ষেত্রে— কেমিস্ট্রির ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। বায়োলজিক্যাল সায়েন্স গ্রুপের বিএসসি বিএড ডিগ্রিধারীরাও যোগ্য। বায়োলজির ক্ষেত্রে— বটানি ও জুলজি সহ গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। বায়োলজিক্যাল সায়েন্স গ্রুপের বিএসসি বিএড ডিগ্রিধারীরাও যোগ্য। কম্পিউটারের ক্ষেত্রে— কম্পিউটার অ্যাপ্লিকেশনের ব্যাচেলর ডিগ্রিধারী/ কম্পিউটার সায়েন্সের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা অথবা কম্পিউটার সায়েন্স/ আইটি-র বি ই/ বি টেক ডিগ্রিধারীরা অথবা যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা ডোয়েক থেকে 'এ' লেভেল সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে আবেদন করতে পারেন। ফিজিক্যাল এডুকেশনের ক্ষেত্রে— ফিজিক্যাল এডুকেশনের ৪ বছরের ব্যাচেলর ডিগ্রিধারী বা ৩ বছরের গ্র্যাজুয়েট ডিগ্রিধারী ও ১ বছরের বিপিএড ডিপ্লোমাধারী বা ফিজিক্যাল এডুকেশনের বিএসসি ডিগ্রিধারী ও ১ বছরের বিপিএড ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন।

পিজিটি-র ক্ষেত্রে— প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি এবং ৫০ শতাংশ নম্বর নিয়ে সংশ্লিষ্ট বিষয়ের বিএড পাশ হতে হবে। পলিটিক্যাল সায়েন্সের ক্ষেত্রে— পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন/ ইন্টারন্যাশনাল রিলেশন্স, ম্যাথমেটিক্সের ক্ষেত্রে— স্ট্যাটিস্টিক্স/ অপারেশনাল রিসার্চের পোস্ট গ্র্যাজুয়েট বা ম্যাথমেটিক্সের এমএসসি এড ডিগ্রিধারী হলে, ফিজিক্সের ক্ষেত্রে— ফিজিক্সের এমএসসি এড, কেমিস্ট্রির ক্ষেত্রে— ফার্মাসি কেমিস্ট্রির পোস্ট গ্র্যাজুয়েট বা কেমিস্ট্রির এমএসসি এড, বায়োলজির ক্ষেত্রে— মাইক্রো বায়োলজি/ মলিকিউলার বায়োলজি/ অ্যাগ্রিকালচারাল বটানি/ জেনেটিক্সের

..... এরপর ৪ পাতায়

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

৮,৭০০ পিজিটি, টিজিটি

৩ পাতার পর .....

এমএসসি এড, কম্পিউটার সায়েন্স ইনফর্মেটিক্সের ক্ষেত্রে— এমসিএ/ কম্পিউটার সায়েন্স বা আইটি-র এমএসসি বা ম্যাথমেটিক্স/ ফিজিক্স/ স্ট্যাটিস্টিক্সের এমএসসি এবং কম্পিউটার সায়েন্সের বিএসসি/ বিসিএ/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আইটি-র ৩ বছরের ডিপ্লোমা বা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা ডোয়েক থেকে 'বি' লেভেল সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলেও আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ১-৪-২০২১ তারিখের হিসেবে (৫ বছরের কম অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে) ৪০ বছরের মধ্যে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী হলে বয়সের উর্ধ্বসীমা ৫৭ বছর এবং তাঁদের ক্ষেত্রে গত ১০ বছরে অন্তত ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকা চাই।

পরীক্ষা হবে দুটি পার্টে। প্রাইমারি টিচারের পদে আবেদনকারীদের কেবল প্রথমপত্রের উত্তর দিতে হবে। মোট ৮০ নম্বরের প্রথমপত্রে থাকবে ৩টি সেকশন। প্রথম সেকশনে থাকবে বেসিক জেনারেল নলেজ, দ্বিতীয় সেকশনে থাকবে কারেন্ট অ্যাফেয়ার্স এবং তৃতীয় সেকশনে থাকবে প্রফেসনাল নলেজ বিষয়ের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য মোট ১ ঘণ্টা ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৪টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। অনলাইন স্ক্রিনিং টেস্ট হবে ১৯ এবং ২০ ফেব্রুয়ারি। নীচে বলা ওয়েবসাইট থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১০ ফেব্রুয়ারি থেকে। এরপর হবে সংশ্লিষ্ট স্কুলের ইন্টারভিউ, টিচিং স্কিল টেস্ট এবং কম্পিউটার প্রফিসিয়েন্সি টেস্ট। প্রার্থীদের সুবিধার জন্য রেজিস্ট্রেশন পোর্টালের মাধ্যমে একটি মক টেস্ট দেওয়ার সুযোগ পাবেন। এটি হবে ১ ফেব্রুয়ারি থেকে। পরীক্ষার ফল প্রকাশিত হবে ২৮ ফেব্রুয়ারি। পরীক্ষা হবে— কলকাতা, দুর্গাপুর, শিলিগুড়ি, শিলং, আগরতলা, গুয়াহাটি, জোরহাট, তেজপুর, রাঁচি সহ অন্যান্য পরীক্ষা কেন্দ্রে।

পরীক্ষার জন্য দরখাস্ত করবেন অনলাইনে https://register.cbtexams.in/AWES/Registration/ ওয়েবসাইটের মাধ্যমে, ২৮ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন দরখাস্ত করার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি এবং সই ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন ফর্ম সঠিকভাবে পূরণ করার পর ফি বাবদ ৩৮৫ টাকা দেবেন অনলাইনে ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি পেমেন্ট করে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে রাখবেন। এবার দরখাস্ত সাবমিট করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মেরও প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

..... এরপর ৫ পাতায়

রাজ্যে ১০,৭৯৭

১ পাতার পর .....

ফর মেল এবং নার্সিং ট্রেনিং স্কুল ফর মেল, অশোকনগর স্টেট জেনারেল হসপিটাল। জিএনএম কোর্সের ক্ষেত্রে প্রার্থীকে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত অন্তত ৫ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। অন্যদিকে এএনএম কোর্সের ক্ষেত্রে প্রার্থীকে ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ তথা কোনও গ্রামপঞ্চায়েত এলাকার অন্তত ৫ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে।

অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ক্ষেত্রে— কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ইংরিজি একটি বিষয় নিয়ে পড়ে থাকলে আবেদন করতে পারেন। এই পদের ক্ষেত্রে অভিজ্ঞতা না থাকলেও চলবে। **জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির** ক্ষেত্রে— কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৪০ শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ইংরিজিতে ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকলে অথবা পাশ নম্বর সহ অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি হিসেবে নাম রেজিস্ট্রেশন থাকলে অথবা মোট অন্তত ৪০ শতাংশ নম্বর নিয়ে ইংলিশ বিষয় সহ ভোকেশনাল স্ট্রিম-হেলথ কেয়ার সায়েন্সের উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। সঙ্গে রাজ্য সরকারে কর্মরত এএনএমদের ক্ষেত্রে ৩ বছরের সন্তোষজনক অভিজ্ঞতা থাকা চাই।

বয়স হতে হবে ৩১-১২-২০২২ তারিখের হিসেবে ১৭ থেকে ৩৫ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ৩১-১২-২০০৫ বা তার আগে।

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। মোট ১১৫ নম্বরের এই পরীক্ষা থাকবে ৫০ নম্বরের লাইফ সায়েন্স, ২৫ নম্বরের ফিজিক্যাল নম্বরের ম্যাথমেটিক্স, ১০ নম্বরের জেনারেল নলেজ ও ৫ নম্বরের লজিক্যাল রিজনিং বিষয়ের মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৪টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২ থেকে ১২ জুন পর্যন্ত। দুটি সেশনে পরীক্ষা হবে সকাল ১১টা ও দুপুর ২টো থেকে।

আবেদন করবেন অনলাইনে https://wbjeeb.nic.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২৮ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য নথিপত্র (৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ৪০০ (তফশিলি, ওবিসি ও অনাথ প্রার্থীদের ক্ষেত্রে ৩০০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এবার ফাইনাল সাবমিশন করে কনফার্মেশন পেজের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

ইনস্টিটিউট অনুযায়ী আসন সংখ্যা (বন্ধনিতে): অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি পড়ানো হবে এইসব প্রতিষ্ঠানে— এনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, কাকদ্বীপ এসডি হসপিটাল (আসন সংখ্যা ৭০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, বারাসাত এমসিএইচ (১৭০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, ডায়মন্ডহারবার গভর্নমেন্ট এমসিএইচ (১১০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, ডোমকল এসএসএইচ (৫০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, আইডি অ্যান্ড বিজি হসপিটাল (১৪০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, জাঙ্গিপুর এসডি হসপিটাল (৫০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, কালিয়াগঞ্জ এসজিএইচ (৫০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, মুর্শিদাবাদ গভর্নমেন্ট এমসিএইচ (৫০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, রঘুনাথপুর এসডি হসপিটাল (৬০টি)। এএনএম (আর) নার্সিং ট্রেনিং স্কুল, বিদ্যাসাগর এসডি হসপিটাল (১১০টি)। হেলথ স্কুল, সিঙ্গুর (২০০টি)। আইটিএস, সিএসএস অ্যান্ড এসএস, চিত্তরঞ্জন, সেবা সদন অ্যান্ড শিশু সদন হসপিটাল (৬০টি)। এনটিএস, আলিপুরদুয়ার ডিস্ট্রিক্ট হসপিটাল (৩০টি)। এনটিএস, আসানসোল (১০০টি)। এনটিএস, গান্ধি মেমোরিয়াল হসপিটাল (৫০টি)। এনটিএস, হাওড়া ডিস্ট্রিক্ট হসপিটাল (৩০টি)। নার্সিং ট্রেনিং স্কুল, বোলপুর এসডি হসপিটাল, বীরভূম (৬০টি)। নার্সিং ট্রেনিং স্কুল, কোচবিহার ডিস্ট্রিক্ট হসপিটাল (৪০টি)। নার্সিং ট্রেনিং স্কুল, ডিস্ট্রিক্ট হসপিটাল, জলপাইগুড়ি (৩০টি)। নার্সিং ট্রেনিং স্কুল, খড়গপুর এসডি হসপিটাল (৬০টি)। নার্সিং ট্রেনিং স্কুল, নর্থ বেঙ্গল এমসিএইচ (৫০টি)। নার্সিং ট্রেনিং স্কুল, সিউড়ি ডিস্ট্রিক্ট হসপিটাল (৫০টি)। প্রমথেশ ট্রেনিং

..... এরপর ৫ পাতায়

৪৫৪ টেকনোলজিস্ট

১ পাতার পর .....

(রেডিওলোজি): মোট শূন্যপদ ৩৪টি (অসং ১৪, তঃজাঃ ৭, ওবিসি ১০, আর্থিকভাবে দুর্বল ৩)। বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ ও রেডিওগ্রাফির ডিপ্লোমাধারীরা ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা রেডিওগ্রাফির বিএসসি ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা।

(বিজ্ঞপ্তি নং: I-50 /C/ Rectt/2021-22) টেকনিশিয়ান (রেডিওগ্রাফি/ রেডিওথেরাপি উইং): মোট শূন্যপদ ৮টি (অসং ৪, তঃজাঃ ২, ওবিসি ২)। বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ ও রেডিওলোজি/ রেডিওগ্রাফির ডিপ্লোমাধারীরা ১ বছরের অভিজ্ঞতা থাকলে অথবা রেডিওলোজি/ রেডিওগ্রাফির বিএসসি ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা।

(বিজ্ঞপ্তি নং: I-50 /D/ Rectt/2021-22) মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট: মোট শূন্যপদ ১৩৭টি (অসং ৫৫, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ২, ওবিসি ৩৭, আর্থিকভাবে দুর্বল ১৪)। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিগ্রিধারীরা ২ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। মাইনে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা।

(বিজ্ঞপ্তি নং: I-50 /E/ Rectt/2021-22) জুনিয়র মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট: মোট শূন্যপদ ২৩টি (অসং ৯, তঃজাঃ ৪, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ২)। ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি নিয়ে বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ এবং মেডিক্যাল ল্যাবরেটরি ও ১ বছরের অভিজ্ঞতা। মাইনে ২৯,২০০ - ৯২,৩০০ টাকা।

বয়স হতে হবে ১-৭-২০২২ তারিকেরঃ হিসেবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

আবেদন করবেন অনলাইনে http://sgpgi.ac.in/Home/Recruitment.html ওয়েবসাইটের মাধ্যমে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইনে আবেদন করতে বসার আগের যাবতীয় নথিপত্র স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ৫০০ (তফশিলিদের ক্ষেত্রে ৩০০) টাকা। ফি জমা দেবেন অনলাইনে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: I/50/Rectt/2021-22. উল্লেখ্য এই নিয়োগের বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রকাশিত হলে যথারীতি আমাদের ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

১৫০ টেকনিশিয়ান

১ পাতার পর .....

অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় ২টি। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার বি.ই./ বি.টেক. ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা।

টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস ট্রেনি: আসন ৮০টি। এরমধ্যে আসন- ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় ৫০টি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখায় ২টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় ১৫টি, সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় ৩টি এবং কমার্শিয়াল অ্যান্ড কম্পিউটার প্র্যাক্টিসিং শাখায় ১০টি। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমাধারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা।

১৯.০১.২০২২ তারিখের হিসেবে বয়স হতে হবে হিন্দুস্তান অ্যারোনটিক্সের নিয়ম অনুযায়ী। প্রার্থিবাছাই হবে মেধার ভিত্তিতে।

কোনও দরখাস্তের ফি দিতে হবে না। যাঁরা ন্যাশনাল ওয়েব পোর্টালে এনরোল্ড নন তাঁরা প্রথম ধাপে www.mhrdnats.gov.in -এ গিয়ে Enroll -এ ক্লিক করে দরখাস্ত পূরণ করবেন। দ্বিতীয় ধাপে লগইন করবেন। অন্যদিকে, যাঁরা ইতিমধ্যেই ন্যাশনাল ওয়েব পোর্টালে এনরোল্ড তাঁরা প্রয়োজনীয় তথ্য দিয়ে লগইন করবেন। পদ্ধতি পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

দরখাস্ত করবেন অনলাইনে

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

১৫০ টেকনিশিয়ান

৪ পাতার পর .....

https://hal-india.co.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১৯ জানুয়ারির মধ্যে। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

রাজ্যে ১০,৭৯৭

৪ পাতার পর .....

স্কুল (৬০টি)।

